আমার অঙ্গে অঙ্গে কে বাজায় বাঁশি ।
আনন্দে বিষাদে মন উদাসী ॥
পুষ্পবিকাশের সুরে
দেহ মন উঠে পূরে,
কী মাধুরীসুগন্ধ
বাতাসে যায় ভাসি ॥
সহসা মনে জাগে আশা,
মোর আহুতি পেয়েছে অগ্নির ভাষা ।

আজ মম রূপে বেশে
লিপি লিখি কার উদ্দেশে—
এল মর্মের বন্দিনী বাণী বন্ধন নাশি ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Behag
Visit www.geetabitan.com for notation and other detail